

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৪১

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৩

রাজভবনে বিদায়ী রাজ্যপালকে বিদায় সংবর্ধনা

রাজভবনে আজ বিকেলে রাজ্যের বিদায়ী রাজ্যপাল সত্যদেও নারাহিন আর্যকে এক অনুষ্ঠানে বিদায় সংবর্ধনা জানানো হয়। বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা, শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা, বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, বিধায়ক রামপদ জমাতিয়া, বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে প্রমুখ। বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী রাজ্যপালের পত্নী সরস্বতী দেবী উপস্থিত ছিলেন।
